CENTRAL LIBRARY N.C.COLLEGE

2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGDSE–602T/179

**TDC (CBCS) Even Semester Exam., 2023**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGDSE–602T

**( রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতা )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : ১×২০=২০

১। সুভাষ মুখোপাধ্যায়ের 'একটি কবিতার জন্যে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

২। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় সুভাষ মুখোপাধ্যায়কে কী পুরস্কারে ভূষিত করেছিল?

৩। সুভাষ মুখোপাধ্যায় 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটি কত খ্রিস্টাব্দে রচনা করেন?

৪। "প্রভু, যদি বল অমুক রাজার সাথে লড়াই।"
চরণটি কোন্ কবিতার অন্তর্গত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫। ‘‘প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য।’’ কবি সুভাষ মুখোপাধ্যায় ‘যে দিনের কবিতা’য় ‘প্রিয়’ বলে কাদের সম্ভাষণ করেছেন?

৬। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের ‘অথচ ভারতবর্ষ তাদের’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

৭। বীরেন্দ্র চট্টোপাধ্যায় ‘স্থিরচিত্র’ কবিতাটি কাকে উৎসর্গ করেন?

৮। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের ‘শ্রেষ্ঠ কবিতা’ গ্রন্থটি কী পুরস্কার লাভ করে?

৯। ‘‘অথবা কবিতা দিয়ে সমর্থন জানাবো তোমাকে,’’ পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

১০। ‘যুদ্ধের বিরুদ্ধে’ কবিতায় বেঁচে থাকার জন্য কত ফুট জমির দরকার বলে কবি উল্লেখ করেছেন?

১১। শক্তিপদ ব্রহ্মচারীর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?

১২। শক্তিপদ ব্রহ্মচারী ‘সময় শরীর হৃদয়’ কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করেন?

১৩। শক্তিপদ ব্রহ্মচারীর ‘দুঃখী স্ত্রীলোকের কাছে’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?





১৪। ‘একটি গ্রামীণ পদ্য’ কবিতায় উল্লেখিত নদীটির নাম কী?

১৫। শক্তিপদ ব্রহ্মচারীর ‘নির্বাচিত কবিতা সংকলন’ বইটির সম্পাদকের নাম কী?

১৬। শক্তি চট্টোপাধ্যায়ের ‘তোমার হাত’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

১৭। ‘মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি’ কবিতাটি শক্তি চট্টোপাধ্যায় কার স্মৃতির উদ্দেশে লেখেন?

১৮। শক্তি চট্টোপাধ্যায়কে ‘কালের রাখাল’ হিসেবে খ্যাত করেছিলেন কে?

১৯। ‘‘পূর্ণিমার বৌদ্ধ চাঁদ, চাকমার মুখশ্রী মাখা চাঁদ।’’ পংক্তিটি কোন্ কবিতার উল্লেখযোগ্য বয়ান?

২০। শক্তি চট্টোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?

২১। কবিতা সিংহের ‘শ্রেষ্ঠ কবিতা’ বইটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২২। কবিতা সিংহের ‘গর্জন সত্তর’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৩। কবিতা সিংহের প্রথম কবিতা কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

২৪। 'গর্জন সত্তর' কবিতায় একটি আগ্নেয়াস্ত্রের প্রসঙ্গ আছে, সেটি কী?

২৫। কবিতা সিংহ নিজেকে 'একেলা একাকী' দেখেছেন কোন্ কবিতায়?

## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

২৬। "লাল কালিতে ছাপা হলদে চিঠির মতো
আকাশটা মাথায় নিয়ে
এ-গলির এক কালোকুচ্ছিত আইবুড়ো মেয়ে।"
চরণগুচ্ছটি কোন্ কবিতার অন্তর্গত? 'আইবুড়ো' শব্দের অর্থ কী?

২৭। সুভাষ মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সন উল্লেখ করো।

২৮। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২৯। "কান্নাকে শরীরে নিয়ে যারা রাত জাগে"
পংক্তিটি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কোন্ কবিতার অংশ? 'কান্নাকে শরীরে নিয়ে' কারা রাত জাগে?

৩০। শক্তিপদ ব্রহ্মচারী কোথায় জন্মগ্রহণ করেন? কবি কত খ্রিস্টাব্দে পাকাপাকিভাবে শিলচর চলে আসেন?





৩১। শক্তিপদ ব্রহ্মচারী সম্পাদিত দুটি পত্রিকার নাম লেখো।

৩২। শক্তি চট্টোপাধ্যায়ের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লিপিবদ্ধ করো।

৩৩। 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতায় 'আয় আয়' বলে কারা কবিকে আহ্বান করছে?

৩৪। কবিতা সিংহ তাঁর স্বামী বিমল রায়চৌধুরীকে কোন্ কাব্যগ্রন্থটি উৎসর্গ করেন? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

৩৫। কবিতা সিংহের 'আন্তিগোনে' কবিতায় আন্তিগোনের বয়স কত, উল্লেখ রয়েছে? আন্তিগোনের পিতার নাম কী?

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। 'ফুল ফুটুক না ফুটুক' কবিতা অবলম্বনে সুভাষ মুখোপাধ্যায়ের কবি-মানসিকতার পরিচয় ফুটিয়ে তোল।

৩৭। 'যে দিনের কবিতা'য় কবি সুভাষ মুখোপাধ্যায় যে 'শতাব্দীলাঞ্ছিত আর্তের কান্না' শুনিয়েছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও।

৩৮। বীরেন্দ্র চট্টোপাধ্যায় 'যুদ্ধের বিরুদ্ধে' কবিতায় যে শান্তিকামী পৃথিবীর ছবি চিত্রিত করেছেন তা আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৯। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'স্থিরচিত্র' কবিতাটি কবির হাহুতাশ কিংবা আশাহীনতার এক নিদারুণ আলোকচিত্র, আলোচনা করো।

৪০। শক্তিপদ ব্রহ্মচারীর 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতাটিতে কবির যে কাব্যপ্রতিভা লক্ষ করা যায় তা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।

৪১। শক্তিপদ ব্রহ্মচারীর 'মনসামঙ্গল' কবিতাটি একটি মিথাশ্রিত কবিতা হলেও এতে যে লৌকিক জীবনের ছবি ফুটে উঠেছে তা আলোচনা করে বুঝিয়ে দাও।

৪২। শক্তি চট্টোপাধ্যায়ের 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতাটি মর্ত্য ও মৃত্যু অনুরাগের যুগলবন্দি বলে আখ্যায়িত—আলোচনা করো।

৪৩। শক্তি চট্টোপাধ্যায়ের 'নীল ভালোবাসায়' কবিতাটি পরাবাস্তবতার লক্ষণযুক্ত একটি প্রতীকী কবিতা, আলোচনা করো।

৪৪। "সমাজের এবং পুরুষতন্ত্রের রক্তচক্ষুর বিরুদ্ধে গিয়ে যে দ্রোহ ঘোষণা তারই প্রতীক 'আন্তিগোনে' কবিতাটি।" কবিতাটি সম্পর্কে সমালোচকের এই উক্তিটির যাথার্থ্য বিচার করো।

৪৫। " 'গর্জন সত্তর' কবিতাটির অন্তরালে তৎকালীন সামাজিক ও রাজনৈতিক অস্থিরতা কবির মনকে শাণিত করে থাকবে। তাই নারীবাদী কবি কবিতা সিংহ আতঙ্কিত হন স্বার্থপর মানুষের লোলুপ দৃষ্টির প্রতি।" আলোচনা করো।

★ ★ ★